# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৬৬

তারিখঃ ০৮ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭১৫ তম কমিশন সভা অদ্য ২২/০১/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

১. সভায় কমিশন বে-মেয়াদি 'Ekush First Unit Fund'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডের প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ কোটি টাকা। এর মধ্যে উদ্যোক্তা 'একুশ ওয়েলথ ম্যানেজমেন্ট লিমিটেড' ০১ কোটি টাকা প্রদান করবে এবং বাকি ০৯ কোটি টাকা সাধারণ বিনিয়োগকারীগণের জন্য উন্মুক্ত থাকবে। ফান্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ টাকা। উক্ত ফান্ডের সম্পদ ব্যবস্থাপক, ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে 'একুশ ওয়েলথ ম্যানেজমেন্ট লিমিটেড', 'সন্ধানী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড' এবং 'ব্র্যাক ব্যাংক লিমিটেড'।

২. বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার এসোসিয়েশন (বিএমবিএ) এর আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশন, বিএসইসির নির্দেশনা নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/২০৩ তারিখ: ২৮ ডিসেম্বর ২০১৭ এর মাধ্যমে প্রদত্ত মার্চেন্ট ব্যাংকারের নিজস্ব ও মক্কেলের পোর্টফোলিওতে পুনঃমূল্যায়নজনিত অনাদায়কৃত ক্ষতির (Unrealized Loss) বিপরীতে রক্ষিতব্য প্রভিশন (Provision) রাখার ঐচ্ছিক সুবিধার বিদ্যমান মেয়াদ অতিরিক্ত আরও ২ (দুই) বছর বর্ধিত করেছে।

৩. সাতজন ব্যক্তিকে Central Counterparty Bangladesh Ltd. (CCBL) এর স্বতন্ত্র পরিচালক হিসেবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং অ্যান্ড সেটলমেন্ট) বিধিমালা, ২০১৭ এর বিধি ১৭(২) এর অধীনে ০৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে।

৪. কমিশন Bangladesh Securities and Exchange Commission (Debt Securities) Rules, 2020 এর খসড়া কতিপয় সংশোধন সাপেক্ষে অনুমোদন করেছে, যাহা জনমত জরিপের জন্য শীঘ্রই দৈনিক পত্রিকা ও কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

৫. এছাড়াও কমিশন ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর পরিচালনা পর্ষদ কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক পদে জনাব কাজী ছানাউল হকের নিয়োগের প্রস্তাব এবং চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ এর পরিচালনা পর্ষদ কর্তৃক ব্যবস্থাপনা পরিচালক পদে জনাব মামুন-উর-রশিদের নিয়োগের প্রস্তাব অনুমোদন করেছে।

22.01.2020
মোঃ আনোয়ারুল ইসলাম
নির্বাহী পরিচালক।